

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, শালিখা, মাগুরা
doict.shalikhmagura.gov.bd


উপজেলা আইসিটি কমিটির মার্চ/২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা।
সভার তারিখ ৩১-০৩-২০২৪ খ্রিঃ
সভার সময় দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান উপজেলা পরিষদ কনফারেন্স রুম
উপস্থিতি উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সদস্য

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পড়ে শুনান ও সবাইকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন এবং কার্যবিবরণীটি সকলের সম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। সদস্যগণ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবদান সম্পর্কে সভাকে অবহিত করেন এবং সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচনাসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন/অগ্রগতি
০১	উপজেলা ও ইউনিয়নের ওয়েব পোর্টালের তথ্য	উপজেলার সকল সরকারি অফিস ও প্রতিটি ইউনিয়নের ওয়েব পোর্টাল বিষয়ে আলোচনা করা হয়। আইসিটি ডিভিশন ও A2I এর নির্দেশনা অনুযায়ী স্ব স্ব দপ্তর জরুরিভিত্তিতে প্রোফাইল ও শক্তিশালী পাসওয়ার্ড পরিবর্তন করে নিবেন। যে সকল দপ্তরসমূহের কর্মকর্তা/ কর্মচারী বদলী হয়েছেন, সেখানে নতুন কর্মকর্তা/ কর্মচারীদের তথ্য হালনাগাদ করতে হবে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সচিব ও মেম্বারগণের তথ্য হালনাগাদ করতে হবে।	২.১। স্ব স্ব দপ্তর প্রয়োজন মোতাবেক প্রোফাইল/পাসওয়ার্ড পরিবর্তন করবেন। ২.২। সকল দপ্তরকে যথাযথ ভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার, ইউপি সচিব, ইউডিসির উদ্যোক্তা
০২	ই-সেবা কার্যক্রম:	শালিখা উপজেলায় যে সকল দপ্তরে নথি সিস্টেমে লাইভে আছে তাদের ই-নথির নতুন ভার্সন (D-Nothi) উন্নয়নের কাজ চলমান। সভাপতি মহোদয় অন্যান্য দপ্তরসমূহকে ডি-নথির মাধ্যমে কাজ করার জন্য উৎসাহ ও অনুপ্রেরণা দেন।	পর্যায়ক্রমে উপজেলার অন্যান্য দপ্তরের কর্মকর্তা এবং কর্মচারীদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার
০৩	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	এ উপজেলায় এ পর্যন্ত ১৩টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবের কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে শেখ রাসেল ডিজিটাল ল্যাবে নিয়মিত শিক্ষার্থীদের আইসিটি ক্লাস ও প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। বিদ্যালয় বন্ধকালীন সময়ে সপ্তাহে অন্তত দুইদিন ল্যাব খোলা রেখে যন্ত্রাংশগুলো চার্জ দেওয়ার ব্যবস্থা করতে হবে। EDC প্রকল্পের নতুন ১২টি প্রতিষ্ঠানে ল্যাব স্থাপনের জন্য প্রাথমিক প্রতিবেদন ইতিপূর্বে পাঠানো হয়েছে।	ল্যাবের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার ও একাডেমিক সুপারভাইজার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ
০৪	শিক্ষার্থীদের সাইবার সিকিউরিটি বিষয়ক সচেতনতা	শেখ রাসেল ডিজিটাল ল্যাব সম্বলিত প্রতিষ্ঠান সমূহের ছাত্রছাত্রীদেরকে সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতন করে গড়ে তুলতে হবে। এ বিষয়ে মুক্ত পাঠে সাইবার সিকিউরিটি বিষয়ক কোর্স সম্পন্ন করা যেতে পারে।	ল্যাব পরিদর্শনের সময়ে ছাত্রছাত্রীদের নিয়ে সাইবার নিরাপত্তা বিষয়ে ক্লাস পরিচালনা করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার ও একাডেমিক সুপারভাইজার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ

০৫	জয় সেট সেন্টার	উপজেলা ও জেলা পর্যায়ে ৫৫৫টি জয় সেট সেন্টার নির্মাণের অংশ হিসেবে শালিখা উপজেলায় গত ১৮ই অক্টোবর ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে জয় সেট সেন্টারের ভিত্তি প্রস্থর স্থাপন করেন।	উপজেলা পর্যায়ে ৪তলা উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণের পর সেটির উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে জয় সেট সেন্টার নির্মিত হবে।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রোগ্রামার।
০৬	বিবিধ	শিক্ষা মন্ত্রণালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব পরিচালনা বিষয়ে আলোচনা হয়। বর্তমান সময়ের প্রেক্ষাপটে সকলকে আইসিটি তথা সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সর্বকর্তা অবলম্বন করার ব্যাপারে আলোচনা করা হয়।	শিক্ষা মন্ত্রণালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব পরিচালনা করতে হবে। সোসালমিডিয়া ও আইসিটির ব্যবহারে সর্বকর্তা অবলম্বন করতে হবে।	স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা একাডেমিক সুপারভাইজার, সহকারী প্রোগ্রামার



(হরেকৃষ্ণ অধিকারী)

উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

উপজেলা আইসিটি কমিটি

শালিখা, মাগুরা।

ফোন: ০১৭৩৩৩৯৯৭৮০

ই-মেইল: unoshalikha@gmail.com

স্মারক নং- ৫৬.০৪.৫৫৬৬.০০০.৩১.০০৪.২৪-১১

তারিখ: ১৭ চৈত্র, ১৪৩০

৩১ মার্চ, ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মাননীয় সংসদ সদস্য, মাগুরা-২
- ২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩) জেলা প্রশাসক, মাগুরা।
- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা।
- ৫) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মাগুরা
- ৬)
- ৭) অফিস, নথি।



(মোঃ সুমন মিয়া)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

শালিখা, মাগুরা।

মোবাইল: 01937754392